গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পানি সম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা

বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি নির্ধারণ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	নাজমুল আহসান সচিব
সভার তারিখ	২৫ জুলাই ২০২৩
সভার সময়	বেলা: ১২:৩০ ঘটিকা
স্থান	বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষ
উপস্থিতি	সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট-ক-তে সংযুক্ত।

সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। আধুনিক ক্রীড়াঙ্গনের অন্যতম পথিকৃত বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর অবদান সম্পর্কে নূতন প্রজন্মকে অবহিতকরণের বিষয়ে মাননীয় প্রতিমন্ত্রী ও উপমন্ত্রী গুরুত্বারোপ করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (প্রশাসন) দিবসটি পালন উপলক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন। দিবসটি উদযাপন উপলক্ষ্যে সম্ভাব্য কর্মসূচি নিয়ে সভায় অংশগ্রহণকারী মন্ত্রণালয়ের আওতাধীন সংস্থার প্রতিনিধিগণ বিস্তারিত আলোচনা করে নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহীত হয়।

০২। সিদ্ধান্তসমূহ:-

ক্র: নং	তারিখ ও সময়	শেখ কামাল এঁর ৭৪তম জন্মবার্ষিকীর কর্মসূচি	বাস্তবায়নকারী
১.	৫ আগস্ট সকাল ১০.০০ টায়	আগামী ৫ আগস্ট ধানমন্ডি আবাহনী মাঠে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ।	পাসম ও সকল সংস্থা।
২.	৫ আগস্ট সকাল ১১.০০ টায়	পুষ্পস্তবক অর্পণ শেষে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর জীবন ও কর্ম নিয়ে বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডের সম্মেলন কক্ষে স্মৃতিচারণ/আলোচনা ও দোয়া অনুষ্ঠান।	পাসম, মহাপরিচালক বাপাউবো ও সকল সংস্থা।
৩.	৫ আগস্ট সুবিধাজনক সময়ে	পানি সম্পদ মন্ত্রণালয়ের অধীনস্থ মাঠ পর্যায়ের সকল দপ্তর কর্তৃক সুবিধাজনক সময়ে দোয়া মাহফিল ও বিশেষ প্রার্থনার আয়োজন।	পাসম ও সকল সংস্থা।
৪.	আগস্ট মাসব্যাপী	বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এঁর ৭৪তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর সংস্থার প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়ের অফিসসমূহের সামনে/গেটে/গুরুত্বপূর্ণ স্থানে ব্যানার প্রদর্শন।	পাসম ও সকল সংস্থা।

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

নাজমুল আহসান
সচিব

স্মারক নম্বর: ৪২.০০.০০০০.০৩২.২৩.০৭৪.১৭.৪৬৪

তারিখ: ১১ শ্রাবণ ১৪৩০
২৬ জুলাই ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) .....১ম শ্রেণীর কর্মকর্তাগণ, পানি সম্পদ মন্ত্রণালয়।
২) পানি সম্পদ মন্ত্রণালয়ের সকল সংস্থা প্রধান
৩) নির্বাহী পরিচালক, সিইজিআইএস, গুলশান, ঢাকা।
৪) নির্বাহী পরিচালক, আইডব্লিউএম, উত্তরা, ঢাকা।
৫) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৮) সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার, আইসিটি শাখা , পানি সম্পদ মন্ত্রণালয় (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯) অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পানি সম্পদ মন্ত্রণালয়
১০) যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, পানি সম্পদ মন্ত্রণালয়

প্রশান্ত কুমার দাস
উপসচিব